



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২৬৭৪১

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১।

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/ পিরোজপুর-১৪৯/ ২৬৮৭

তারিখঃ ১৬/০২/২০১৭খ্রিঃ

বিষয়ঃ ম্যানেজিং কমিটি অনুমোদন প্রসঙ্গে।

সূত্রঃ ১) স্মারক নং- ০৫.৮৬৯.০১৮.০০.০৭১.২০১৬-৩০; তারিখঃ ১৬/০১/২০১৭খ্রিঃ
২) নং- বামাশিবো/প্রশা/ পিরোজপুর-১৪৯/২১৩৪; তারিখঃ ০৭/১১/২০১৬খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, পিরোজপুর জেলার কাউখালী উপজেলাধীন আর, এস, ডি, এম দাখিল মাদরাসার সুপার ম্যানেজিং কমিটি অনুমোদনের জন্য কাগজপত্রসহ আবেদন করেন। অপরদিকে জনৈক হাফেজ মোঃ তাজুল ইসলাম কর্তৃক জনাব রুস্তম আলী সরদার ফৌজদারী মামলা আসামী হওয়া সত্ত্বেও অবৈধভাবে ম্যানেজিং কমিটির প্রতিষ্ঠাতা সদস্য হওয়া, বিদ্যমান বিধি বিধান লঙ্ঘন করে সভাপতি নির্বাচনসহ ম্যানেজিং কমিটি গঠন সঠিক না হওয়ার বিষয়ে অভিযোগপত্র দাখিল করা হয়।

পরবর্তীতে উপরিলিখিত অভিযোগের বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য সূত্রোক্ত ২নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, কাউখালী, পিরোজপুরকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, কাউখালী, পিরোজপুর তদন্ত পূর্বক সূত্রে উল্লিখিত ১নং স্মারকে একটি প্রতিবেদন প্রেরণ করেছেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, জনাব রুস্তম আলী সরদার মাদরাসার প্রতিষ্ঠাতা সদস্য হওয়ার শর্তসমূহ পূরণ সংক্রান্ত কোন কাগজপত্র প্রদর্শন করতে পারেন নাই বিধায় বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ মোতাবেক তিনি উক্ত মাদরাসার প্রতিষ্ঠাতা সদস্য হতে পারেন না মর্মে প্রতীয়মান হয়েছে।

এছাড়া মাদরাসার সুপার কর্তৃক দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনায় দেখা যায়, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-৮(১) অনুযায়ী সকল সদস্যের নির্বাচন সম্পন্ন হওয়ার সাত দিনের মধ্যে সভাপতি নির্বাচন সংক্রান্ত সভা আহ্বান করা হয়নি এবং প্রবিধান-৮(২) অনুসারে নির্বাচন পরিচালনাকারী প্রিজাইডিং অফিসারের সভাপতিত্বে ম্যানেজিং কমিটির সভা অনুষ্ঠান পূর্বক সদস্যদের সর্বসম্মত সিদ্ধান্তক্রমে সভাপতি নির্বাচন করা হয়নি।

বর্ণিত অবস্থায় মাদরাসার সুপার কর্তৃক দাখিলকৃত ম্যানেজিং কমিটি বিধি বিধানের আলোকে যথাযথভাবে গঠিত না হওয়ায় বোর্ড কর্তৃক অনুমোদন দেয়া গেল না এবং প্রতিবেদনে প্রাপ্ত তথ্য অনুযায়ী জনাব রুস্তম আলী সরদার ম্যানেজিং কমিটির প্রতিষ্ঠাতা সদস্য হতে পারবেন না মর্মে সংশ্লিষ্ট সকলকে এতদ্বারা জানিয়ে দেয়া হলো।

প্রফেসর মোঃ মজিবুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ সুপার, আর, এস, ডি, এম দাখিল মাদরাসা, কাউখালী, পিরোজপুর।

নং- বামাশিবো/প্রশা/ পিরোজপুর-১৪৯/

তারিখঃ /০২/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, কাউখালী, পিরোজপুর।
২. জেলা শিক্ষা অফিসার, পিরোজপুর।
৩. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬৭৪৮৭৪